যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নথি নম্বর-৮০.০০.০০০০.২০০.৪৬.১২৮.২৫-৫৩২

তারিখ: ১১ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

## ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫

বাংলাদেশ সিভিল সার্ভিসের নিম্নবর্ণিত বিভিন্ন ক্যাডারের শূন্য পদসমূহ প্রতিযোগিতামূলক ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এর মাধ্যমে পূরণের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

**ক. সাধারণ ক্যাডারসমূহ ও ক্যাডারের পদসমূহ:**

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১. | বি.সি.এস. (প্রশাসন) | সহকারী কমিশনার | ১১০ | ২০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাসের পর ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ. থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। |
| ২. | বি.সি.এস. (পররাষ্ট্র বিষয়ক) | সহকারী সচিব | ১১৫ | ১৫ | -ঐ- |
| ৩. | বি.সি.এস. (পুলিশ) | সহকারী পুলিশ সুপার | ১১৭ | ৫০ | -ঐ- |
| ৪. | বি.সি.এস. (আনসার) | সহকারী পরিচালক/সহকারী জেলা কমান্ড্যান্ট/সমমান | ১১৮ | ১৩ | -ঐ- |
| ৫. | বি.সি.এস. (নিরীক্ষা ও হিসাব) | সহকারী মহা-হিসাবরক্ষক | ১১২ | ০৪ | -ঐ- |
| ৬. | বি.সি.এস. (কর) | সহকারী কর কমিশনার | ১১৪ | ৫৭ | -ঐ- |
| ৭. | বি.সি.এস. (শুল্ক ও আবগারি) | সহকারী কমিশনার (শুল্ক ও আবগারি) | ১১৩ | ৪০ | -ঐ- |
| ৮. | বি.সি.এস. (সমবায়) | সহকারী নিবন্ধক | ১১৯ | ০৯ | -ঐ- |
| ৯. | বি.সি.এস. (রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক) | সহকারী ট্রাফিক সুপারিনটেনডেন্ট | ১২৫ | ০১ | -ঐ- |
| ১০. | বি.সি.এস. (তথ্য) | সহকারী পরিচালক/তথ্য অফিসার/গবেষণা কর্মকর্তা/সমমানের পদ | ১২১ | ০৫ | -ঐ- |
| | | সহকারী পরিচালক (অনুষ্ঠান) | ১২২ | ০৭ | |
| | | সহকারী বার্তা নিয়ন্ত্রক | ১২৩ | ০২ | |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১১. | বি.সি.এস. (ডাক) | সহকারী পোস্টমাস্টার জেনারেল/সমমানের পদ | ১১৬ | ০৮ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি. পরীক্ষা পাসের পর ৪ (চার) বছর মেয়াদি শিক্ষা সমাপনী ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ. থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না। |
| ১২. | বি.সি.এস. (পরিবার পরিকল্পনা) | পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সাধারণ) | ১২৪ | ৩৬ | -ঐ- |
| ১৩. | বি.সি.এস. (খাদ্য) | সহকারী খাদ্য নিয়ন্ত্রক/সমমানের পদ | ১১১ | ০৫ | -ঐ- |
| | | **মোট =** | | **৪৫২** | |

**খ. প্রফেশনাল বা টেকনিক্যাল ক্যাডারসমূহ/ক্যাডারের প্রফেশনাল বা টেকনিক্যাল পদসমূহ:**

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১. | বি.সি.এস. (পরিসংখ্যান) | পরিসংখ্যান কর্মকর্তা | ৫৪০ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে অর্থনীতি অথবা পরিসংখ্যান অথবা পরিসংখ্যানসহ অর্থনীতি অথবা গণিতে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা বাণিজ্য বিভাগের যে কোন শাখায় অথবা সমাজ বিজ্ঞান বিষয়ে সমমানের ডিগ্রি অথবা উল্লিখিত যে কোন একটি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে অনার্স ডিগ্রি। | ১১৮ | ৩৩১ |
| | | | | | | ১৫৯ | ৯৮১ |
| | | | | | | ১৩৯ | ৫৫১ |
| | | | | | | ১০৫ | ৫৬১ |
| | | | | | | ১০১ | ৭০১ |
| | | | | | | ১০৯ | ৭১১ |
| | | | | | | ১৩৭ | ৭৩১ |
| | | | | | | ১২১ | ৭১১ |
| | | | | | | ১৩৮ | ৭২১ |
| | | | | | | ১৫৭ | ৩৫১ |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২. | বি.সি.এস. (রেলওয়ে প্রকৌশল) | সহকারী নির্বাহী প্রকৌশলী | ৩৫৩ | ০৮ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই.-এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৩<br>৩২৬<br>৩৩৬ | ৮৮১ |
| | | সহকারী যন্ত্র প্রকৌশলী | ৩৫১ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই.-এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩১২<br>৩২৬ | ৯০১ |
| | | সহকারী সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী | ৩৫৪ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই.-এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৫<br>৩০৬<br>৩২৬ | ৮৯১<br>৮৯২<br>উপরের যে কোন বিষয় |
| | | সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক | ৩৫২ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎকৌশল/ যন্ত্রকৌশল/ পুরকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই.-এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৩<br>৩৩৬<br>৩০৫<br>৩০৬<br>৩১২<br>৩২৬ | ৮৮১<br><br>৮৯১<br>৮৯২<br>৯০১<br>উপরের যে কোন বিষয় |
| | | সহকারী বৈদ্যুতিক প্রকৌশলী | ৩৫৫ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই.-এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৫<br>৩০৬<br>৩২৬ | ৮৯১<br>৮৯২<br>উপরের যে কোন বিষয় |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৩. | বি.সি.এস. (সড়ক ও জনপথ) | সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩৩১ | ৩২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই.-এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৩<br>৩৩৬<br>৩২৬ | ৮৮১ |
| | | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) | ৩৩২ | ০৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশলে বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা এর সমমানের ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই-এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩১২<br>৩২৬ | ৯০১ |
| ৪. | বি.সি.এস. (তথ্য) | সহকারী বেতার প্রকৌশলী | ৫৩০ | ৩৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফলিত পদার্থবিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে মাস্টার্স ডিগ্রি অথবা উক্ত বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে অনার্স ডিগ্রি অথবা ইলেকট্রিক্যাল অথবা ইলেকট্রনিক্স অথবা মাইক্রোওয়েভ-এ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। | ৩০৫<br>১০৪<br>৩০৬ | ৮৯১<br>৮৯২ |
| ৫. | বি.সি.এস. (জনস্বাস্থ্য প্রকৌশল) | সহকারী প্রকৌশলী | ৩২০ | ২২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই.-এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৩<br>৩৩৬<br>৩২৬ | ৮৮১ |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৬. | বি.সি.এস. (বন) | সহকারী বন সংরক্ষক | ৫৫০ | ১২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বনবিদ্যা অথবা বি.এসসি. (কৃষি) অথবা উদ্ভিদ বিজ্ঞান অথবা প্রাণিবিজ্ঞান অথবা মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা উল্লিখিত বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে অনার্স ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি। | ১৭৭<br>২০১<br>১১১<br>১৬৬<br>১৫৮ | ৮৭১<br>৮০১<br>৫৮১<br>৫৯১<br>৬২১ |
| ৭. | বি.সি.এস. (মৎস্য) | উপজেলা মৎস্য কর্মকর্তা | ২৪০ | ৫৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মৎস্য বিষয়ে অনার্সসহ ডিগ্রি। | ২৩১ | ৮৫১ |
| ৮. | বি.সি.এস. (পশুসম্পদ) | ক. ভেটেরিনারি সার্জন/সায়েন্টিফিক অফিসার/লেকচারার /স্টোর অফিসার/ সমমানের পদ | ২৭০ | ০৮ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডি.ভি.এম.) ডিগ্রিসহ রেজিস্টার্ড ভেটেরিনারি প্রাকটিশনার হতে হবে;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে 'পশু চিকিৎসা এবং পশু পালন' বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে বি.এসসি. ডিগ্রি। | ২৩০<br>৬৪৭ | ৮৪১ |
| | | খ. সায়েন্টিফিক অফিসার/ লেকচারার/প্রাণিপুষ্টি কর্মকর্তা/অফিসার ইনচার্জ/জু-অফিসার/পাবলিসিটি অফিসার/এনিম্যাল প্রোডাকশন অফিসার/ পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার/এসিসটেন্ট পোল্ট্রি এক্সটেনশন অফিসার/সমমানের পদ | ২৮১ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পশু পালন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে বি.এসসি. অনার্স ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে 'পশু চিকিৎসা এবং পশু পালন' বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে বি.এসসি. ডিগ্রি। | ২১০<br>৬৪৭ | ৮৩১ |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৯. | বি.সি.এস. (কৃষি) | **ক. কৃষি অধিদপ্তর:** কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/ কীটতত্ত্ববিদ/ প্রকাশনা অফিসার/ ইনস্ট্রাক্টর/ বীজ বিশ্লেষক/নমুনা সংগ্রহ অফিসার/ সমমানের পদ | ২২৭ | ১২০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি. (কৃষি) অনার্স ডিগ্রি। | ২০১ | ৮০১ |
| | | **খ. মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট:** বৈজ্ঞানিক কর্মকর্তা | ২২৬ | ০৫ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে ন্যূনতম ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে অনার্স ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষিতে মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে (Agriculture in Soil science) দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষিতে কৃষি রসায়ন বিষয়ে (Agriculture in Soil Chemistry) দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি. (কৃষি) অনার্স ডিগ্রি। | ১৫৮ | ৬২১ |
| | | | | | | ২০১ | ৮০১ |
| | | | | | | ২০২ | |
| | | | | | | ২০৯ | |
| | | **গ. কৃষি বিপণন অধিদপ্তর:** সহকারী পরিচালক/কৃষি বিপণন কর্মকর্তা/উপজেলা কৃষি বিপণন কর্মকর্তা | ২২৯ | ৩৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি. কৃষি অর্থনীতি (সম্মান) বা বি.এসসি. কৃষি ব্যবসা ব্যবস্থাপনা (সম্মান) বা বি.এসসি. কৃষি বিপণন (সম্মান) বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.। | ২০৪ | ৮১১ |
| | | | | | | ২০৭ | ৮০২ |
| | | | | | | ২৫০ | ৮০৩ |
| | | | | | | ২৫১ | ৮০৪ |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১০. | বি.সি.এস. (স্বাস্থ্য) | সহকারী সার্জন | ৪১০ | ৬৫০ | এম.বি.বি.এস. অথবা সমমানের ডিগ্রি | ৩৯১ | ৭৭১ |
| ১১. | বি.সি.এস. (পরিবার পরিকল্পনা) | মেডিকেল অফিসার/সমমানের পদ (কারিগরি মেডিকেল) | ৪১৫ | ৪৮ | ক) বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল (বি.এম.ডি.সি.) কর্তৃক স্বীকৃত এম.বি.বি.এস. অথবা সমমানের ডিগ্রি;<br>খ) বি.এম.ডি.সি. কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন প্রাপ্ত। | ৩৯১ | ৭৭১ |
| ১২. | বি.সি.এস. (খাদ্য) | সহকারী প্রধান মিলার/ সহকারী রক্ষণ প্রকৌশলী/ সহকারী পরিচালক/ ম্যানেজার (টেকনিক্যাল) | ৩৬০ | ০৭ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্রকৌশলে বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি। | ৩১২ | ৯০১ |
| ১৩. | বি.সি.এস. (গণপূর্ত) | ক. সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩১১ | ৩২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা এর সমমানের ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই.-এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৩<br>৩২৬<br>৩৩৬ | ৮৮১ |
| | | খ. সহকারী প্রকৌশলী (ই/এম) | ৩১২ | ৩৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎকৌশল/যন্ত্রকৌশলে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি;<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে এ.এম.আই.ই. এর "এ" এবং "বি" সেকশন পাস। | ৩০৫<br>৩০৬<br>৩১২<br>৩২৬ | ৮৯১<br>৮৯২<br>৯০১<br>উপরের যেকোন বিষয় |
| | | **মোট =** | | **১১২২** | | | |

গ. বি.সি.এস. (সাধারণ শিক্ষা): সরকারি সাধারণ কলেজসমূহের জন্য

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৪. | বি.সি.এস. (সাধারণ শিক্ষা):<br><br>(ক) সরকারি সাধারণ কলেজসমূহের জন্য | ১. প্রভাষক (ইংরেজি) | ৬১০ | ০৬ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। | ১২০ | ১২১ |
| | | ২. প্রভাষক (সমাজকল্যাণ) | | ০২ | -ঐ- | ১৫৬ | ৩৬১ |
| | | ৩. প্রভাষক (রসায়ন) | | ২০ | -ঐ- | ১১৩ | ৫৩১ |
| | | | | | | ১০৩ | ৫৪১ |
| | | | | | | ১১০ | ৬০১ |
| | | ৪. প্রভাষক (ইসলামী শিক্ষা) | | ১০ | -ঐ- | ১৩১ | ২০১ |
| | | ৫. প্রভাষক (পদার্থবিদ্যা) | | ২০ | -ঐ- | ১৪৭ | ৫১১ |
| | | | | | | ১০৪ | ৮৯২ |
| | | ৬. প্রভাষক (উদ্ভিদবিদ্যা) | | ০৮ | -ঐ- | ১১১ | ৫৮১ |
| | | ৭. প্রভাষক (সমাজবিজ্ঞান) | | ০৩ | -ঐ- | ১৫৭ | ৩৫১ |
| | | ৮. প্রভাষক (গণিত) | | ২৫ | -ঐ- | ১৩৯ | ৫৫১ |
| | | | | | | ১০৫ | ৫৬১ |
| | | ৯. প্রভাষক (হিসাববিজ্ঞান) | | ১০ | -ঐ- | ১০১ | ৭০১ |
| | | ১০. প্রভাষক (ব্যবস্থাপনা) | | ১০ | -ঐ- | ১৩৭ | ৭৩১ |
| | | ১১. প্রভাষক (আরবি) | | ০৫ | -ঐ- | ১০৬ | ১৩১ |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | ১৩. প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | | ২০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে অনার্সসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি;<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের জি.পি.এ.-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। | ১১৪ | ৯৭১ |
| | | | | | | ৩০৪ | |
| | | | | | | ৩২৪ | |
| | | | | | | ৩০৬ | ৮৯২ |
| | | | | | | ১০৪ | |
| | | | | | | ১৩২ | ২৮১ |
| | | | | | | ৩৩২ | |
| | | | | | | ৩৪৯ | |
| | | | | | | ৩৫১ | |
| | | | | | | ৩৬৩ | |
| | | | | | | ৩৬৪ | |
| | | | | | | ৩৬৫ | |
| | | | | | | ৩৬৬ | |
| | | **মোট=** | | **১৩৯** | | | |

**ঘ. বি.সি.এস. (সাধারণ শিক্ষা): সরকারি মাদ্রাসা-ই-আলিয়া এর জন্য**

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৫. | বি.সি.এস. (সাধারণ শিক্ষা):<br>সরকারি মাদ্রাসা-ই-আলিয়া এর জন্য | ০১. প্রভাষক (হাদিস) | ৬৬০ | ০৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। | ১২৮ | ৪২১ |
| | | ০২. প্রভাষক (তাফসির) | | ০১ | -ঐ- | ১৬০ | ৪৩১ |
| | | ০৩. প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃত) | | ০২ | -ঐ- | ১৩০ | ১৯১ |
| | | ০৪. প্রভাষক (বাংলা) | | ০৩ | -ঐ- | ১০৮ | ১১১ |
| | | ০৫. প্রভাষক (ইংরেজি) | | ০২ | -ঐ- | ১২০ | ১২১ |

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | ০৬. প্রভাষক (পদার্থবিদ্যা) | | ০৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। | ১৪৭ | ৫১১ |
| | | | | | | ১০৪ | ৮৯২ |
| | | ০৭. প্রভাষক (রসায়ন) | | ০২ | -ঐ- | ১১৩ | ৫৩১ |
| | | | | | | ১০৩ | ৫৪১ |
| | | | | | | ১১০ | ৬০১ |
| | | ০৮. প্রভাষক (উদ্ভিদবিদ্যা) | | ০২ | -ঐ- | ১১১ | ৫৮১ |
| | | ০৯. প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) | | ০৩ | -ঐ- | ১৪৮ | ৩৪১ |
| | | ১০. প্রভাষক (আইসিটি) | | ০১ | -ঐ- | ১১৪ | ৯৭১ |
| | | | | | | ৩০৪ | |
| | | | | | | ৩২৪ | |
| | | | | | | ৩০৬ | ৮৯২ |
| | | | | | | ১০৪ | |
| | | | | | | ১৩২ | ২৮১ |
| | | | | | | ৩৩২ | |
| | | | | | | ৩৪৯ | |
| | | | | | | ৩৫১ | |
| | | | | | | ৩৬৩ | |
| | | | | | | ৩৬৪ | |
| | | | | | | ৩৬৫ | |
| | | | | | | ৩৬৬ | |
| | | ১১. প্রভাষক (প্রাণিবিদ্যা) | | ০২ | -ঐ- | ১৬৬ | ৫৯১ |
| | | ১২. প্রভাষক (গণিত) | | ০২ | -ঐ- | ১৩৯ | ৫৫১ |
| | | | | | | ১০৫ | ৫৬১ |
| | | | **মোট =** | **২৬** | | | |

**ঙ. বি.সি.এস. (কারিগরি শিক্ষা): পলিটেকনিক ইনস্টিটিউট এবং গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট এর জন্য**

| ক্রমিক নম্বর | ক্যাডারের নাম | পদের নাম | ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড | লিখিত পরীক্ষার পদ সংশ্লিষ্ট বিষয়ের কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৬. | বি.সি.এস. (কারিগরি শিক্ষা) | ০১. ইন্সট্রাক্টর (টেক/সিভিল), **পলিটেকনিক ইনস্টিটিউট** | ৯০১ | ০৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রি বা বি.এড. (টেক) বা বি.এসসি. (টেকনিক্যাল এডুকেশন) ডিগ্রি | ৩০৩ | ৮৮১ |
| | | ০২. ইন্সট্রাক্টর (টেক/ইলেকট্রিক্যাল), **পলিটেকনিক ইনস্টিটিউট** | ৯০২ | ০৩ | ঐ | ৩০৫<br>৩০৬ | ৮৯১ |
| | | ০৩. ইন্সট্রাক্টর (টেক/মেকানিক্যাল), **পলিটেকনিক ইনস্টিটিউট** | ৯০৩ | ০৫ | ঐ | ৩১২ | ৯০১ |
| | | ০৪. ইন্সট্রাক্টর (টেক/পাওয়ার), **পলিটেকনিক ইনস্টিটিউট** | ৯০৫ | ০৪ | ঐ | ৩১২ | ৯০১ |
| | | ০৫. ইন্সট্রাক্টর (টেক/কেমিক্যাল), **পলিটেকনিক ইনস্টিটিউট** | ৯০৬ | ০১ | ঐ | ৩০২ | ৯১১ |
| | | ০৬. ইন্সট্রাক্টর (টেক/আর্কিটেকচার), **পলিটেকনিক ইনস্টিটিউট** | ৯০৭ | ০১ | ঐ | ৩০১ | ৯৩১ |
| | | ০৭. ইন্সট্রাক্টর (টেক/সিভিল উড), **পলিটেকনিক ইনস্টিটিউট** | ৯০৮ | ০১ | ঐ | ৩০৩ | ৮৮১ |
| | | ০৮. ইন্সট্রাক্টর (টেক/সিরামিক), গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট | ৯১৬ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিরামিক অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ বি.এসসি. ডিগ্রি ডিগ্রি।<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নসহ স্নাতক ডিগ্রি এবং ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ সিরামিক বিষয়ে ডিপ্লোমা। | ৩৪১<br>৩৫৫<br>৩০২ | ৪৯১<br><br>৯১১ |
| | | **মোট=** | | **২১** | | | |

**বিভিন্ন ক্যাডারের সর্বমোট শূন্য পদের সংখ্যা (ক+খ+গ+ঘ+ঙ) =৪৫২+১১২২+১৩৯+২৬+২১=১৭৬০**

১.০ **বিশেষ নির্দেশনা:**

১.১ নতুন পদসৃষ্টি, পদবিলুপ্তি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে;

১.২ **ইকুইভ্যালেন্স সনদ:** বিজ্ঞাপিত ক্যাডার পদসমূহের জন্য কোন প্রার্থীর নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা না থাকলে উক্ত প্রার্থী আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী বিদেশ হতে অর্জিত কোন ডিগ্রিকে বিজ্ঞাপিত বি.সি.এস. ক্যাডার পদসমূহের জন্য প্রযোজ্য শিক্ষাগত যোগ্যতার সমমানের দাবি করলে প্রার্থীকে সে মর্মে ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। ইকুইভ্যালেন্স সনদের জন্য মেডিকেল ডিগ্রিধারীদের বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ডি.ভি.এম. ডিগ্রিধারীদের ক্ষেত্রে ভেটেরিনারি কাউন্সিল এবং অন্যান্য বিষয়ে ডিগ্রিধারীদের শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সঙ্গে যোগাযোগ করতে পরামর্শ দেয়া হলো। একইভাবে ভিন্ন নামের কোন ডিগ্রির ক্ষেত্রেও প্রযোজ্য শিক্ষাগত যোগ্যতার সমমানের দাবির ক্ষেত্রে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ইকুইভ্যালেন্স সনদ জমা দিতে হবে। সত্যায়িত কপি জমা দেয়ার পাশাপাশি, উক্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে, অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না;

১.৩ **অবতীর্ণ প্রার্থীর যোগ্যতা:** যদি কোন প্রার্থী এমন কোন পরীক্ষায় অবতীর্ণ হয়ে থাকেন যে পরীক্ষায় পাস করলে তিনি ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণের যোগ্যতা অর্জন করবেন এবং যদি তার ঐ পরীক্ষার ফলাফল ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এর আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ পর্যন্ত প্রকাশ না হয় তাহলেও তিনি অবতীর্ণ প্রার্থী হিসেবে অনলাইনে আবেদন করতে পারবেন। তবে তা সাময়িকভাবে গ্রহণ করা হবে। কেবল সেই প্রার্থীকেই অবতীর্ণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে যার স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের সকল লিখিত পরীক্ষা ৫০ তম বি.সি.এস. পরীক্ষার আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যে অর্থাৎ **৩১ ডিসেম্বর, ২০২৫** খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সম্পূর্ণরূপে শেষ হয়েছে এবং তিনি উক্ত লিখিত পরীক্ষায় পাশ করে ডিগ্রি অর্জন করবেন । তবে শর্ত থাকে যে উক্ত লিখিত পরীক্ষাসমূহের কোনোটিতে ফেল করাসহ অন্য কোন কারণে ডিগ্রি অর্জিত না হলে তার প্রার্থীতা বাতিল হবে।

২.০ **অনলাইনে ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এর আবেদনপত্র (BPSC Form-1) পূরণ এবং পরীক্ষার ফি জমাদানের সময়**

২.১ **আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় সকাল ১০.০০ মিনিট;**

২.২ **আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় রাত ১১.৫৯ মিনিট;**

২.৩ **আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় রাত ১১.৫৯ মিনিটের মধ্যে** system হতে স্বয়ংক্রিয়ভাবে User ID **প্রাপ্ত প্রার্থীরাই কেবল উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টা (অর্থাৎ ০৩ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ, বাংলাদেশ প্রমাণ সময় রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত)**, সময়ের মধ্যে (**বিজ্ঞপ্তির ১২.০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) নির্ধারিত ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে বা পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না;**

২.৪ **অনুচ্ছেদ ২.৩ এ বর্ণিত সময়সীমার মধ্যে (যা** Applicant's Copy **তেও উল্লেখ করা থাকবে) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে হবে। ফি জমাদানের পূর্বে আবেদনপত্র সংশোধনের সুযোগ রয়েছে। আবেদনের প্রিন্ট কপি দেখে নিশ্চিত হয়ে ফি জমা দিবেন। ফি জমাদানের পর আর কোন সংশোধনের সুযোগ থাকবে না।** আবেদনের জন্য শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন করতে পরামর্শ দেয়া হলো।

৩.০ **বয়সসীমা (Age limit)**

৩.১ ০১ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে সকল ক্ষেত্রে প্রার্থীর বয়স ২১ হতে ৩২ বছর;

৩.২ **প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।**

৪.০ **নাগরিকত্ব (Nationality)**

৪.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে;

৪.২ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

৫.০ **লিঙ্গ (Gender)**

প্রকৃত যোগ্যতাধারী এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা( বিধিমালা ,২০১৪ এর বিধান অনুযায়ী বাংলাদেশের যে কোন নাগরিক ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণের জন্য যোগ্য হবেন।

## ৬.০ **চাকরিরত প্রার্থী**

প্রজাতন্ত্রের কর্মে (সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা) অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকরিরত প্রার্থীদের মধ্যে যোগ্যতাসম্পন্ন এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতিপ্রাপ্ত হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

## ৭.০ **অনলাইনে আবেদনপত্র (BPSC Form-1) পূরণ পদ্ধতি**

৭.১ **প্রার্থীকে** Teletalk BD Ltd. **এর** Web Address: http://bpsc.teletalk.com.bd **অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের** Web Address: www.bpsc.gov.bd **এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত অনলাইন আবেদনপত্র** (BPSC Form-1) **পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। বর্ণিত ওয়েবসাইটে ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এর বিজ্ঞপ্তি, অনলাইনে আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা এবং নির্ধারিত** BPSC Form-1 **দৃশ্যমান হবে। অনলাইন আবেদনপত্র** (BPSC From-1) **পূরণের বিষয়ে ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এর আবেদনপত্র** (BPSC Form-1) **অনলাইনে পূরণ**, SMS-**এর মাধ্যমে ফি জমাদান এবং** Admit Card **প্রাপ্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা দেয়া থাকবে। অনলাইন ফরম পূরণের পূর্বে প্রার্থী**কে **উক্ত নির্দেশনা অংশটি ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভালোভাবে** জেনে নিতে হবে। **ক্যাডার পছন্দের ভিত্তিতে** Application Form-**এর ৩টি ক্যাটাগরি রয়েছে, যথা:**

(I) Application Form for General Cadres;
(II) Application Form for Technical/Professional Cadres;
(III) Application Form for General and Technical/Professional (both) Cadres.

৭.২ প্রার্থী শুধু General Cadre এর প্রার্থী হতে ইচ্ছুক হলে General Cadre এর Application form অংশে ক্লিক করলে General Cadre এর আবেদনপত্র দৃশ্যমান হবে। অনুরূপভাবে, Technical/Professional এবং General and Technical/Professional (both) ক্যাডারের প্রার্থী হতে ইচ্ছুক হলে যথাক্রমে Technical/Professional এবং Both Cadre এর জন্য নির্ধারিত অংশটি ক্লিক করলে স্ব-স্ব ক্যাডারের জন্য প্রযোজ্য আবেদনপত্র দৃশ্যমান হবে। প্রার্থীর কাঙ্ক্ষিত BCS Application Form দৃশ্যমান হলে ফরমের প্রতিটি বিষয় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী পূরণ করতে হবে;

৭.৩ BCS Application Form-এর ৩টি অংশ রয়েছে: (I) Part-1: Personal Information; (II) Part-2: Academic Qualification; (III) Part-3: Cadre Option. এ ৩টি অংশ BCS Application Form পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা এবং BCS Application Form এর প্রতিটি field এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করে পূরণ করতে হবে;

## ৮.০ **ঘোষণা (Declaration)**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-1) **ঘোষণা** (Declaration) অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থীর আবেদনপত্রের সকল তথ্য সঠিক। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণ হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করা হলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগের সুপারিশ বাতিল এবং তিনি কমিশন কর্তৃক গৃহীতব্য সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

## ৯.০ **ছবি (Photo) আপলোড**

BPSC Form-1 এর Part-1. Part-2 এবং Part-3 সফলভাবে পূরণ সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে 300×300 (দৈর্ঘ্য×প্রস্থ) pixel এর কম বা বেশি নয় এবং File Size 100 KB এর বেশি নয়, এরূপ অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য, সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। Applicant's Copy-তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল গণ্য হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। BPSC Form-1 এর Home Page-এর Help Menu-তে ক্লিক করলে Photo ও Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

## ১০.০ **স্বাক্ষর (Signature) আপলোড**

Application Preview-তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে 300×80 (দৈর্ঘ্য×প্রস্থ) pixel এর কম বা বেশি নয় এবং File Size 60 KB এর বেশি নয়, প্রার্থীকে এরূপ মাপের নিজের স্বাক্ষর আপলোড করতে হবে। Applicant's Copy-তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল গণ্য হবে।

১১.০ **বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা ,২০১৪ এর বিধি ৯(৪)(ক)(খ) এর বিধান অনুযায়ী পরীক্ষার ফি প্রদান**

BPSC Form-1 যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর আপলোড করে নিবন্ধন সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র জমা সম্পন্ন হলে প্রার্থী অনলাইনে একটি User ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। Application Preview ও Applicant's Copy-তে প্রার্থীর ছবি ও স্বাক্ষর অবশ্যই সঠিকভাবে দৃশ্যমান হতে হবে। User ID ব্যবহার করে Teletalk BD Ltd. এর SMS এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করে প্রার্থীরা বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধি ৯ (৪) (ক) অনুযায়ী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Prepaid Mobile নম্বরের মাধ্যমে SMS করে ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এর নির্ধারিত ফি, ২০০/- (দুইশত) টাকা মাত্র জমা দিতে পারবেন। একই বিধিমালার বিধি ৯(৪)(খ) এর বিধানমতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত প্রার্থী, প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থী পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিবেন। **উল্লেখ্য, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থী না হয়েও কোন প্রার্থী ৫০/- (পঞ্চাশ) টাকা মাত্র ফি জমা দিয়ে ফরম পূরণ করলে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।**

১২.০ **ফি জমা দেয়ার পদ্ধতি**

**প্রথম SMS** : BCS <space> User ID লিখে send করুন 16222 নম্বরে

Example: **BCS** **QRNTCBTP**

**Reply** : <Applicant's Name>, Tk-200 (Tk-50 for Physically Disabled, Ethnic Minority Group and Third Gender Group Candidates) will be charged as Application Fee. Your PIN is (8-digit number) 12345678. To Pay Fee, type **BCS <Space> Yes <Space> PIN and send to 16222.**

**দ্বিতীয় SMS** : BCS <space> Yes <Space> PIN লিখে send করুন 16222 নম্বরে
Example: **BCS YES 12345678**

**Reply** : Congratulations! <Applicant's Name>, payment completed successfully for 50th BCS Examination-2025. User ID is <xxxxxxxx> and Password <xxxxxxxx>.

**N.B.** : For Lost Password, Please Type BCS <Space> HELP <Space> SSC/Equivalent Board <Space> SSC/Equivalent Roll <Space> SSC/Equivalent Year and send to 16222

১৩.০ **প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড**

বিজ্ঞপ্তির ১২.০ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে পরীক্ষার নির্ধারিত ফি প্রদান করলে টেলিটক হতে প্রেরিত SMS বার্তায় প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে প্রার্থী দৈবচয়নের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র পরীক্ষার পূর্বে ডাউনলোড করে সংগ্রহ করতে পারবেন। প্রবেশপত্র ডাউনলোড বিষয়ে তারিখ ও সময় যথাসময়ে কমিশন কর্তৃক প্রেস বিজ্ঞপ্তি এবং BPSC Form-1 এ প্রার্থী কর্তৃক পূরণকৃত মোবাইল নম্বরে টেলিটকের মাধ্যমে SMS বার্তায় জানিয়ে দেয়া হবে।

১৪.০ **একাধিক ফরম পূরণ নিষিদ্ধ**

কোন প্রার্থী ফি জমা দিয়ে চূড়ান্তভাবে অনলাইনে একবার আবেদন করার পর পুনরায় অনলাইনে আবেদন করতে পারবেন না। কোন প্রার্থী মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে আবেদন প্রক্রিয়ার যে কোন পর্যায়ে তা প্রমাণ হলে তার প্রার্থিতা বাতিল হবে।

১৫.০ **অনলাইনে BPSC Form-3 পূরণ**

লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে অনলাইনে Teletalk BD Ltd. এর Web Address: http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web Address: www.bpsc.gov.bd- এর মাধ্যমে অতিরিক্ত তথ্য সংবলিত BPSC Form-3 অনলাইনে বাংলায় পূরণ করতে হবে। এ বিষয়ে কমিশন কর্তৃক প্রেসবিজ্ঞপ্তি এবং BPSC Form-1 এ প্রার্থী কর্তৃক পূরণকৃত মোবাইল নম্বরে Teletalk হতে SMS -এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে নির্দেশনা প্রদান করা হবে। কমিশনের নির্দেশনা অনুযায়ী অনলাইনে পূরণকৃত উক্ত সংক্ষিপ্ত ফরম (BPSC Form-3) ডাউনলোড করে এর এক কপি প্রার্থী নিজের কাছে সংরক্ষণ করবেন।

## ১৬.০ মৌখিক পরীক্ষার বোর্ডে BPSC Form-1 এবং সংশ্লিষ্ট সনদ/ডকুমেন্টস জমাদান

**লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা কমিশনের** www.bpsc.gov.bd **ওয়েবসাইট অথবা টেলিটক বাংলাদেশ লিমিটেড এর** http://bpsc.teletalk.com.bd **ওয়েবসাইট থেকে ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এর জন্য অনলাইনে পূরণকৃত** BPSC Form-1 (Applicant's Copy) **কমিশন কর্তৃক নির্ধারিত সময়ে ডাউনলোড করে সংগ্রহ করবেন। বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের নির্দেশনা অনুসরণ করে** BPSC Form-1 **সহ নিম্নোক্ত প্রয়োজনীয় সনদ/ডকুমেন্টস এর ২ (দুই) কপি মৌখিক পরীক্ষার বোর্ডে** আবশ্যিকভাবে **জমা দিতে হবে:**

১৬.১ প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং ন্যূনতম নবম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত তিন (০৩) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি BPSC Form-1 এর বাম পাশে স্ট্যাপলারের সাহায্যে সংযুক্ত করতে হবে;

১৬.২ বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের সকল মূল/সাময়িক সনদ এবং মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি। অবতীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখসহ পরীক্ষা নিয়ন্ত্রক/শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক স্বাক্ষরিত অবতীর্ণ প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি। **পরীক্ষা শুরু ও শেষ হওয়ার তারিখ ব্যতীত কোন অবতীর্ণ প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে না; এরূপ ক্ষেত্রে প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না এবং প্রার্থিতা বাতিল হবে;**

১৬.৩ **চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীদের প্রদত্ত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়ালে যদি চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক** )সম্মান( **মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায়, অর্জিত ডিগ্রি তিন বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;**

১৬.৪ বয়স প্রমাণের জন্য এস.এস.সি./সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। "O-Level" এবং "A-Level" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ (যেমন- জাতীয় পরিচয়পত্র (NID), পাসপোর্ট, জন্ম নিবন্ধন সনদ)। উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

১৬.৫ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে এবং ভিন্ন নামের সমমানের ডিগ্রির ক্ষেত্রে বিজ্ঞপ্তির ১.২ অনুচ্ছেদ অনুযায়ী ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি;

১৬.৬ মেডিকেল, ডেন্টাল ও ভেটেরিনারি সার্জন পদের জন্য প্রযোজ্য কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ চূড়ান্ত রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি;

১৬.৭ মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে:

(ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ;

অথবা

(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

১৬.৮ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সুবর্ণ নাগরিক কার্ড বা সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি;

১৬.৯ তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

১৬.১০ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি;

১৬.১১ প্রার্থীকে জাতীয় পরিচয়পত্র (NID), জন্ম নিবন্ধন সনদ কিংবা পাসপোর্ট এই তিনটির অন্তত একটি অবশ্যই নিয়ে আসতে হবে;

১৬.১২ **ছাড়পত্র:** লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যারা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের কমিশনের ওয়েবসাইটে আপলোডেড অনাপত্তি/ছাড়পত্র ফরম ডাউনলোড করে যথাসময়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষর গ্রহণপূর্বক মৌখিক পরীক্ষার বোর্ডে ছাড়পত্রের কপি জমা দিবেন। **সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না এবং প্রার্থিতা বাতিল হবে;**

১৬.১৩ **অপসারণ আদেশ/ইস্তফাপত্র:** চাকরি হতে অপসারিত (Removed) হয়েছেন অথবা চাকরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এ সব ক্ষেত্রে প্রার্থীকে BPSC Form-1 এর সাথে চাকরি হতে অপসারণ আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশের সত্যায়িত কপি জমা দিতে হবে;

১৬.১৪ কোন প্রার্থী অনলাইন আবেদনপত্র (BPSC Form-1) জমাদানের পর মৌখিক পরীক্ষার পূর্বে কোন চাকরিতে যোগদান করলে বা চাকরি থেকে ইস্তফা দান করলে বা চাকরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্র/ইস্তফাপত্র গ্রহণ/অপসারণ আদেশের কপি জমা দিতে হবে। অন্যথায়, মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না **এবং প্রার্থিতা বাতিল হবে**;

১৬.১৫ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতঃপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে NID বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি জমা দিতে হবে;

১৬.১৬ **প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম):** প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করা হবে। ওয়েবসাইট থেকে প্রাক্ চাকরি-বৃত্তান্ত যাচাই ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে মৌখিক পরীক্ষার সময় উক্ত পরীক্ষার বোর্ডে ৩ (তিন) কপি জমা দিতে হবে;

১৬.১৭ মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে পূরণকৃত BPSC Form-3 আবশ্যিকভাবে জমা দিতে হবে;

১৬.১৮ বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে সরকারের অনুমতিপত্র জমা দিতে হবে;

১৬.১৯ মৌখিক পরীক্ষার দিন অনলাইন ফরমের মুদ্রিত কপির সাথে উচ্চতা সেন্টিমিটারে, ওজন কে.জি. তে এবং বুকের মাপ সেন্টিমিটারে উল্লেখ সংবলিত বি.এম.ডি.সি. রেজিস্টার্ড মেডিকেল প্র্যাকটিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের কপি জমা দিতে হবে। প্রত্যয়নপত্রে মেডিকেল প্র্যাকটিশনারের রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে;

১৬.২০ BPSC Form-1 **এবং সংযুক্ত সকল ডকুমেন্টস অনুপুঙ্খ যাচাইয়ের পর শুধু** ত্রুটিমুক্ত **আবেদনের বিপরীতে সংশ্লিষ্ট প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে। কেবল লিখিত পরীক্ষায় কৃতকার্য হলেই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা অর্জিত হবে না। লিখিত পরীক্ষায় কৃতকার্য হওয়া যে সকল প্রার্থী সংশ্লিষ্ট সকল ডকুমেন্টের কপিসহ** BPSC Form-1 **এর মুদ্রিত কপি জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল হবে।**

১৭.০ **পরীক্ষা সমূহের সম্ভাব্য তারিখ:**

| | | |
|---|---|---|
| প্রিলিমিনারি টেস্ট | : | শুরু: ৩০ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ (শুক্রবার)<br>ফলাফল প্রকাশ: ১০ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ |
| লিখিত পরীক্ষা | : | শুরু: ০৯ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ<br>ফলাফল প্রকাশ: ৩০ *জুলাই*, ২০২৬ খ্রিস্টাব্দ |
| মৌখিক পরীক্ষা | : | শুরু: ১০ আগস্ট, ২০২৬ খ্রিস্টাব্দ<br>ফলাফল প্রকাশ: ২৫ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ |

১৮.০ **প্রিলিমিনারি টেস্ট সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি**

১৮.১ প্রার্থীদের ২০০ (দুইশত) নম্বরের একটি Multiple Choice Question (MCQ) Type প্রিলিমিনারি টেস্টে অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার সময় ২ (দুই) ঘণ্টা;

১৮.২ এই পরীক্ষায় মোট ২০০ (দুইশত) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন। তবে, ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কাটা যাবে;

১৮.৩ প্রিলিমিনারি টেস্টের MCQ উত্তরপত্র একটি গোপনীয় দলিল। এটি কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে কোনভাবেই প্রদর্শন করা হবে না এবং উক্ত টেস্টের নম্বর কোন প্রার্থী বা তাঁর প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না;

১৮.৪ প্রিলিমিনারি টেস্টের উত্তরপত্র পুন:নিরীক্ষণ বা পুন:পরীক্ষণের সুযোগ থাকবে না।

১৯.০ **প্রিলিমিনারি টেস্টের বিষয়সমূহ ও নম্বর বণ্টন নিচে প্রদান করা হলো:**

| ক্রমিক নম্বর | বিষয়ের নাম | নম্বর বণ্টন |
|---|---|---|
| ১. | বাংলা ভাষা ও সাহিত্য | ৩০ |
| ২. | ইংরেজি ভাষা ও সাহিত্য | ৩০ |
| ৩. | বাংলাদেশ বিষয়াবলি | ২৫ |
| ৪. | আন্তর্জাতিক বিষয়াবলি | ২৫ |
| ৫. | ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ১০ |
| ৬. | সাধারণ বিজ্ঞান | ১৫ |
| ৭. | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | ১৫ |
| ৮. | গাণিতিক যুক্তি | ২০ |
| ৯. | মানসিক দক্ষতা | ১৫ |
| ১০. | নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন | ১৫ |
| | মোট = | ২০০ |

২০.০ **পরীক্ষা কেন্দ্র**

প্রিলিমিনারি টেস্ট এবং লিখিত পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ কেন্দ্রসমূহে একযোগে অনুষ্ঠিত হবে। তবে প্রার্থীর পছন্দের কোন কেন্দ্রে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষা অনুষ্ঠান সম্ভব না হলে কমিশন কর্তৃক নির্ধারিত অন্য কোন কেন্দ্রে প্রার্থীকে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। উল্লেখ্য, মৌখিক পরীক্ষা কমিশনের প্রধান কার্যালয়, ঢাকায় অনুষ্ঠিত হবে। **কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হবে না।**

২১.০ **প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক নিয়োগ**

প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত শ্রুতিলেখক প্রদান করা হবে। যে সকল প্রতিবন্ধী প্রার্থীর শ্রুতিলেখক প্রয়োজন হবে তাদেরকে ০৮ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র, ছবি এবং প্রতিবন্ধী পরিচয়পত্রের কপিসহ শ্রুতিলেখক প্রাপ্তির দরখাস্ত করতে হবে।

২২.০ **প্রিলিমিনারি টেস্টে প্রশ্নপত্রের ইংরেজি ভার্সন ব্যবহার**

প্রিলিমিনারি টেস্টে যে সকল প্রার্থী ইংরেজি ভার্সনের প্রশ্নপত্রে পরীক্ষা দিতে আগ্রহী তাদের অনলাইন ফরমে Question type option এর বক্সে টিক চিহ্ন (✓)দিতে হবে। ইংরেজি ভার্সনের প্রার্থীদের পরীক্ষা পৃথক পরীক্ষা হলে/কক্ষে অনুষ্ঠিত হবে। **ইংরেজি ভার্সনের প্রার্থীরা বাংলা ভার্সনের পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষার উত্তরপত্র বাতিলসহ প্রার্থিতা বাতিল হবে।**

২৩.০ **প্রিলিমিনারি টেস্টের উপযুক্ততা ও কৃতকার্যতা**

২৩.১ প্রিলিমিনারি টেস্টের পাস নম্বর বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত হবে, এ ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত হবে;

২৩.২ উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ঠিকভাবে না লিখলে এবং ঠিকভাবে বৃত্ত পূরণ না করলে বা কোনরূপ কাটাকাটি করলে পরীক্ষার উত্তরপত্র বাতিলসহ প্রার্থিতা বাতিল হবে।

২৪.০ **লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর এবং মৌখিক পরীক্ষার নম্বর বণ্টন:**

২৪.১ **সাধারণ ক্যাডারের জন্য**

| | বিষয় | নম্বর বন্টন | সময় |
|---|---|---|---|
| ১. | বাংলা | ২০০ | ৪ (চার) ঘণ্টা |
| ২. | ইংরেজি | ২০০ | ৪ (চার) ঘণ্টা |
| ৩. | বাংলাদেশ বিষয়াবলি | ২০০ | ৪ (চার) ঘণ্টা |
| ৪. | আন্তর্জাতিক বিষয়াবলি | ১০০ | ৩ (তিন) ঘণ্টা |
| ৫. | গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা | ১০০ | ৩ (তিন) ঘণ্টা |
| ৬. | সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি | ১০০ | ৩ (তিন) ঘণ্টা |
| ৭. | মৌখিক পরীক্ষা | ১০০ | |
| | **সর্বমোট =** | **১০০০** | |

২৪.২ **প্রফেশনাল/টেকনিক্যাল ক্যাডারের জন্য**

| | বিষয় | নম্বর বন্টন | সময় |
|---|---|---|---|
| ১. | বাংলা | ১০০ | ৩ (তিন) ঘণ্টা |
| ২. | ইংরেজি | ২০০ | ৪ (চার) ঘণ্টা |
| ৩. | বাংলাদেশ বিষয়াবলি | ২০০ | ৪ (চার) ঘণ্টা |
| ৪. | আন্তর্জাতিক বিষয়াবলি | ১০০ | ৩ (তিন) ঘণ্টা |
| ৫. | গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা | ১০০ | ৩ (তিন) ঘণ্টা |
| ৬. | সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক বিষয় | ২০০ | ৪ (চার) ঘণ্টা |
| ৭. | মৌখিক পরীক্ষা | ১০০ | |
| | **সর্বমোট =** | **১০০০** | |

২৪.৩ যে সকল প্রার্থী শুধু কারিগরি/পেশাগত এবং সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারে আবেদন করবেন তাদের বাংলা ০০১ কোডের ১০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। যে সকল প্রার্থী শুধু সাধারণ এবং সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারে আবেদন করবেন তাদের বাংলা ০০২ কোডের ২০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। অর্থাৎ শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য ১০০ নম্বরের ০০১, শুধু সাধারণ ক্যাডারের জন্য ২০০ নম্বরের ০০২ এবং সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য ১০০ নম্বরের ০০১ কোড এবং ২০০ নম্বরের ০০২ কোডের উভয় পরীক্ষায় অংশগ্রহণ করা আবশ্যক।

২৪.৪ যে সকল প্রার্থী সাধারণ ও প্রফেশনাল/টেকনিক্যাল উভয় ক্যাডারের পদের জন্য পছন্দক্রম দিতে ইচ্ছুক তাদেরকে সাধারণ ক্যাডারের জন্য ৯০০ নম্বরের পরীক্ষা দিতে হবে। অধিকন্তু টেকনিক্যাল ক্যাডারের পদের জন্য একই প্রার্থীকে বাংলা ১০০ নম্বরের ৩ (তিন) ঘন্টার এবং ওপরের ২৪.২ (৬) তে বর্ণিত **"সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক"** একক বিষয়ের ২০০ নম্বরের ৪ (চার) ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

২৫.০ **লিখিত পরীক্ষায় উত্তরদানের ভাষা**

বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি যে কোন একটি ভাষায় লেখা যাবে। একটি বিষয়ের উত্তরে উদ্ধৃতি বা অনিবার্য টেক্সট ব্যতীত একাধিক ভাষা ব্যবহার করা যাবে না। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশনা থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশনা অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।

২৬.০ **লিখিত পরীক্ষার উত্তরপত্র পুন:পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা সংক্রান্ত গোপনীয়তা**

২৬.১ বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা ,২০১৪ এর বিধান অনুযায়ী লিখিত পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল। কোন অবস্থাতেই কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে উত্তরপত্র প্রদর্শন করা হবে না। **উত্তরপত্র পুনঃপরীক্ষণের কোন আবেদন বিবেচনা করা হবে না, তবে সরকার কর্তৃক নির্ধারিত ফি জমা প্রদানপূর্বক কোন প্রার্থী কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রাপ্তির জন্য কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) বরাবর আবেদন করিতে পারবেন;**

২৬.২ লিখিত পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত নির্দেশাবলী পরবর্তী সময়ে কমিশনের প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে;

২৬.৩ মৌখিক পরীক্ষার নম্বর গোপন থাকবে এবং উক্ত পরীক্ষার নম্বর বা সংশ্লিষ্ট তথ্য প্রার্থী বা তার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবে না।

২৭.০ **প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার সিলেবাস প্রাপ্তি**

প্রিলিমিনারি টেস্ট ও লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস কমিশনের ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে। প্রার্থীরা কমিশনের ওয়েবসাইট থেকে তাদের প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষার সিলেবাস ডাউনলোড করতে পারবেন।

২৮.০ **অনলাইনে সাক্ষাৎকারপত্র প্রাপ্তি**

মৌখিক পরীক্ষার জন্য কমিশন হতে ডাকযোগে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কমিশনের পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার) স্বাক্ষরিত ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এর সাক্ষাৎকারপত্র কমিশন কর্তৃক মৌখিক পরীক্ষাসূচি ঘোষণার পর কমিশনের ওয়েবসাইট হতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতকৃত (Auto-generated) সাক্ষাৎকারপত্র ডাউনলোড করে সংগ্রহ করবেন। মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারপত্রে বর্ণিত কাগজপত্র এবং সাক্ষাৎকারপত্রসহ প্রার্থী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হবেন। **নির্ধারিত তারিখ ও সময়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত না হলে উক্ত প্রার্থীর মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।**

২৯.০ **স্বাস্থ্য পরীক্ষা**

২৯.১ কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সম্মুখে হাজির হতে হবে। মেডিকেল বোর্ডে স্বাস্থ্য পরীক্ষার সময় প্রার্থীদের নিম্নোক্ত দৈহিক যোগ্যতা থাকতে হবে:

| ক্রমিক নম্বর | ক্যাডার | প্রার্থী | ন্যূনতম উচ্চতা | ন্যূনতম ওজন |
|---|---|---|---|---|
| ক. | বি.সি.এস. (পুলিশ) এবং বি.সি.এস. (আনসার) ক্যাডারের জন্য | পুরুষ | ১৬২.৫৬ সে. মি. | ৫৪.৫৪ কে.জি. |
| | | মহিলা | ১৫২.৪০ সে. মি. | ৪৫.৪৫ কে.জি. |
| খ. | অন্যান্য ক্যাডারের জন্য | পুরুষ | ১৫২.৪০ সে. মি. | ৪৯.৯৯ কে.জি. |
| | | মহিলা | ১৪৭.৩২ সে. মি. | ৪৩.৫৪ কে.জি. |

২৯.২ উল্লিখিত উচ্চতা না থাকলে কোন প্রার্থী নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না। কোন প্রার্থীর বর্ণিত ওজন না থাকলে তিনি সাময়িকভাবে অযোগ্য বলে বিবেচিত হবেন। প্রার্থীকে বিধি অনুযায়ী দৃষ্টিশক্তিসম্পন্ন হতে হবে। অন্যান্য স্বাস্থ্যগত যোগ্যতা সম্পর্কিত বিস্তারিত তথ্যাবলি যথাসময়ে জানানো হবে। উল্লেখ্য, প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে স্বাস্থ্য পরীক্ষার বিধানসমূহ সরকারি সিদ্ধান্ত অনুসরণপূর্বক সম্পন্ন করা হবে;

২৯.৩ **বুকের মাপ, ওজন ও উচ্চতা**

প্রার্থীকে অনলাইন ফরমের নির্ধারিত স্থানে বুকের মাপ সেন্টিমিটারে উল্লেখ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার দিন অনলাইন ফরমের মুদ্রিত কপির সাথে উচ্চতা সেন্টিমিটারে, ওজন কে.জি. তে এবং বুকের মাপ সেন্টিমিটারে উল্লেখ সংবলিত বি.এম.ডি.সি. রেজিস্টার্ড মেডিকেল প্র্যাকটিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের কপি জমা দিতে হবে। প্রত্যয়নপত্রে মেডিকেল প্র্যাকটিশনারের রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে।

৩০.০ **বিজ্ঞপ্তির শর্তের প্রাধান্য ও যোগাযোগের ক্ষেত্রসমূহ**

৩০.১ এ বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হয়েছে তা BPSC Form-1 এর কোন শর্তের সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে, তবে কোন বিষয় উল্লেখ করা না থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ বিষয়ে যথাসময় প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করবে;

৩০.২ পরীক্ষা সংক্রান্ত কোন প্রয়োজনীয় চিঠিপত্র কমিশনের "পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭" এই ঠিকানায় পাঠাতে হবে;

৩১.০ **মিথ্যা তথ্য প্রদান ও অসদুপায় অবলম্বনের শাস্তি**

৩১.১ কোন প্রার্থী আবেদনপত্রে জ্ঞাতসারে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করলে বা টেম্পারিং করলে বা কোন জাল সার্টিফিকেট দাখিল করলে বা বয়স ও শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সার্টিফিকেটের কোন অংশ বা প্রবেশপত্র টেম্পারিং বা পরিবর্তন করলে বা পরীক্ষার হলে মোবাইল ফোন, হাতঘড়ি, কমিশন কর্তৃক ঘোষিত নিষিদ্ধ সামগ্রী/ডিভাইস বা কোন ধরনের ইলেকট্রনিক যোগাযোগযন্ত্রসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে অসদুপায়ের আশ্রয় গ্রহণ করলে বা পরীক্ষার হলে কোনরূপ দুর্ব্যবহার করলে বা অসদুপায় অবলম্বন করলে বা প্রতারণার আশ্রয় নিলে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা ,২০১৪ এর বিধান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন আইন, ২০২৩ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী তাকে উক্ত পরীক্ষাসহ কমিশন কর্তৃক পরিচালিত পরবর্তী যে কোন পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা হবে;

৩১.২ ৩১.১ এ বর্ণিত অপরাধে জড়িত সংশ্লিষ্ট প্রার্থীকে ক্ষেত্র বিশেষে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। এমনকি প্রার্থীকে চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

## ৩২.০ নন-ক্যাডার পদে সুপারিশ

লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও পদস্বল্পতার কারণে ৫০তম বি.সি.এস. পরীক্ষা-২০২৫ এর বিজ্ঞাপিত ক্যাডার পদে যে সকল প্রার্থীদের মধ্যে যাদের, সুপারিশপ্রাপ্ত হবেন না সে সকল প্রার্থীকে সরকার কর্তৃক জারীকৃত **নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০২৩** এর বিধানাবলি অনুযায়ী ৯ম থেকে ১২তম গ্রেডের প্রারম্ভিক পদে সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী ঐ সকল পদে নিয়োগের যোগ্যতা রয়েছে, এমন প্রার্থীদের মেধার ভিত্তিতে বাছাইপূর্বক নিয়োগের লক্ষ্যে কমিশন কর্তৃক সুপারিশ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে, তবে এ ধরনের কার্যক্রম সুপারিশ প্রাপ্তির চূড়ান্ত কোন নিশ্চয়তা প্রদান করবে না। নন-ক্যাডার পদে সুপারিশ পেতে ইচ্ছুক প্রার্থীদের পছন্দক্রম অনলাইন আবেদনের প্রযোজ্য অংশে উল্লেখ করতে হবে।

## ৩২.১ নন-ক্যাডার পদসমূহ

**ক. ৯ম গ্রেডের পদসমূহ:**

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সরকারী আবাসন পরিদপ্তর | সহকারী পরিচালক | ৩৩০১ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণির স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি। | সকল বিষয় |
| ২. | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | পাট অধিদপ্তর | সহকারী পরিচালক | ৩৭০১ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি বা চার বছর মেয়াদী ন্যূনতম দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে জুট বা টেক্সটাইল টেকনোলজিতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। | সকল বিষয় |
| ৩. | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ | বাংলাদেশ কোস্ট গার্ড | সি.এস.ও (সিভিলিয়ান স্টাফ অফিসার)-৩ | ৩২০১ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে অন্যূন ২য় শ্রেণির স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী অন্যূন ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি। | সকল বিষয় |
| ৪. | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | সহকারী পরিচালক | ৩২০২ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি। | সকল বিষয় |
| ৫. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ২৯০১ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি | ১১৪ ৩২৪ ৩০৬ ১৩২ ৩৬৩ ৩৬৪ ৩৪৯ ৩৬৫ |

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | ৩৬৬<br>৩৩২<br>৩৫১ |
| ৬. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | মেরিন ফিশারিজ একাডেমি | এডুকেশন অফিসার (ইংলিশ) | ২৮০১ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ. তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ. তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ. তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে অন্যূন ৪(চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ. তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ১২০ |
| | | | জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও কমিউনিকেশন) | ২৮০২ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা এপ্লাইড ফিজিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রেডিও ইলেক্ট্রনিক্স বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে বি.এসসি. ইন নটিক্যাল সাইন্স ডিগ্রি এবং যে কোন শ্রেণি বা ডেক যোগ্যতা সনদসহ ৩ (তিন) বছরের চাকরি;<br>অথবা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে মেরিটাইম রেডিও কমিউনিকেশন (জেনারেল) বা সমমানের সার্টিফিকেটসহ সমুদ্রগামী জাহাজে বেতার কর্মকর্তা হিসাবে ৩ (তিন) বছরের চাকরি। | ৩৫১<br>৩৯০<br>৩৬৫<br>৩২৮<br>৩৬১ |

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৭. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | পরিসংখ্যান কর্মকর্তা (নন-ক্যাডার, অস্থায়ী) | ৪১০১ | ০৫ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি বা পরিসংখ্যানসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক এবং পরিসংখ্যান, ডেমোগ্রাফী, ভূগোল, অর্থনীতি, গণিত, সমাজবিদ্যা, সমাজকল্যাণ, সামাজতত্ত্ব, সমাজকর্ম বা বাণিজ্য বিভাগের যে কোনো বিষয়ে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি বা পরিসংখ্যানসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) এবং পরিসংখ্যান, ডেমোগ্রাফী, ভূগোল, অর্থনীতি, গণিত, সমাজবিদ্যা, সমাজকল্যাণ, সামাজতত্ত্ব, সমাজকর্ম বা বাণিজ্য বিভাগের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, ডেমোগ্রাফী, ভূগোল, অর্থনীতি, গণিত, সমাজবিদ্যা, সমাজকল্যাণ, সামাজতত্ত্ব, সমাজকর্ম বা বাণিজ্য বিভাগের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ১০১<br>১০৫<br>১০৯<br>১১৮<br>১২১<br>১২৪<br>১৩৭<br>১৩৮<br>১৩৯<br>১৫৬<br>১৫৭<br>১৫৯<br>১৮৬ |
| ৮. | শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সহকারী পরিচালক | ২৪০১ | ০৪ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে-<br>(ক) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পিএ.-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা<br>(খ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সি.জি.পি.এ. গ্রহণযোগ্য হবে না। | সকল বিষয় |
| | | | পরিদর্শক | ২৪০২ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে-<br>(ক) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের | সকল বিষয় |

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | জিপিএ বা সি.জি.পি.এ. গ্রহণযোগ্য হবে না। | |
| ৯. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ডাক অধিদপ্তর | হিসাব রক্ষণ কর্মকর্তা | ৪২০১ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের যে কোন বিষয়/গণিত, পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণির বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) ডিগ্রি। | ১০১<br>১০৫<br>১০৯<br>১১৮<br>১২১<br>১৩৭<br>১৩৮<br>১৩৯<br>১৫৯ |
| | | | সহকারী প্রকৌশলী (সিভিল) | ৪২০২ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক বা সমমানের ডিগ্রি। | ৩০৩ |
| | | টেলিযোগাযোগ অধিদপ্তর | সহকারী পরিচালক (অর্থ/বাজেট/ নিরীক্ষা/ হিসাব) | ৪২০৩ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, পরিসংখ্যান, গণিত বা বাণিজ্য বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) ডিগ্রি। | ১০১<br>১২১<br>১০৯<br>১৩৭<br>১৩৮<br>১৩৯<br>১০৫<br>১৫৯<br>১১৮ |
| ১০. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | শ্রম অধিদপ্তর | সহকারী পরিচালক | ৩৭০২ | ১২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | সকল বিষয় |
| | | | অডিও ভিজ্যুয়াল আর্টিস্ট | ৩৭০৩ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ১২২ |
| | | | সহকারী প্রোগ্রামার | ৩৭০৪ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>১৩২<br>৩৬৩<br>৩৬৪<br>৩৪৯<br>৩৬৫<br>৩৬৬<br>৩৩২<br>৩৫১ |

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | পরিসংখ্যান কর্মকর্তা | ৩৭০৫ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত, পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ১৫৯<br>১১৮<br>১৩৯<br>১০৫ |
| ১১. | বাণিজ্য মন্ত্রণালয় | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সহকারী পরিচালক | ১৯০১ | ২২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি | সকল বিষয় |
| ১২. | মন্ত্রিপরিষদ বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ | সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ১৪০১ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং /ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ১১৪<br>৩২৪<br>৩০৬<br>৩৩২<br>৩৬৩<br>৩৬৪<br>৩৪৯<br>৩৬৫<br>৩৬৬<br>৩৩২<br>৩৫১ |
| ১৩. | কৃষি মন্ত্রণালয় | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনিস্টিটিউট | বৈজ্ঞানিক কর্মকর্তা | ১৭০১ | ০৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মৃত্তিকা বিজ্ঞানে ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা মৃত্তিকা বিজ্ঞানে ২য় শ্রেণির অনার্সসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা মৃত্তিকা বিজ্ঞানসহ কৃষিতে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা কৃষি রসায়নসহ কৃষিতে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) কৃষিতে ২য় শ্রেণির বি.এসসি. (এজি) ডিগ্রি। | ১৫৮<br>২০২ |
| | | কৃষি বিপণন অধিদপ্তর | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | ১৭০২ | ০৪ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের কোন বিষয় বা অর্থনীতি বা পরিসংখ্যান বা কৃষি অর্থনীতি বা কৃষি বাজারজাতকরণ বা ব্যবসা প্রশাসন বা কৃষি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে ৪(চার বছর মেয়াদি স্নতক (সম্মান) ডিগ্রি | ১০১<br>১২১<br>১০৯<br>১৩৭<br>১৩৮<br>১৩৯<br>১০৫<br>১১২<br>১৫৯<br>২০১<br>১১৮<br>২০৪ |

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | হিসাবরক্ষণ কর্মকর্তা | ১৭০৩ | ০১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। | ১০১<br>১০৫<br>১০৯<br>১১৮<br>১২১<br>১৩৭<br>১৩৮<br>১৩৯<br>১৫৯ |
| | | | | মোট= | ৭১ | | |

**খ: ১০ম গ্রেডের শূন্য পদ:**

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | | প্রশাসনিক কর্মকর্তা | ৩৩০২ | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি | সকল বিষয় |
| ২. | পরিকল্পনা বিভাগ | | প্রশাসনিক কর্মকর্তা | ৪১০২ | ০২ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি | সকল বিষয় |
| ৩. | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | পাট অধিদপ্তর | মুখ্য পরিদর্শক | ৩৭০৬ | ০৯ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে জুট বা টেক্সটাইল টেকনোলজিতে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি বা দ্বিতীয় শ্রেণির স্নাতক স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) কাঁচা পাটের শ্রেণি বিন্যাস এবং মান যাচাই বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। | ১০৩<br>১০৪<br>১০৫<br>১১০<br>১১১<br>১১৩<br>১১৪<br>১২৪<br>১২৫<br>১৩২<br>১৩৯<br>১৪১<br>১৪৭<br>১৪৯<br>১৫৮<br>১৫৯<br>১৬৬<br>২০১<br>২৪৯<br>৩০১ |

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | ৩৫০ |
| ৪. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৩২০৩ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদভুক্ত কোনো বিষয়ে-<br>(ক) প্রথম শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(গ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে ৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি | ১০১<br>১০৫<br>১০৯<br>১১৮<br>১২১<br>১৩৭<br>১৩৮<br>১৩৯<br>১৫৯ |
| ৫. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | প্রশাসনিক কর্মকর্তা | ২৯০২ | ০৭ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি | সকল বিষয় |
| ৬. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সহকারী কার্টোগ্রাফার | ৪১০৩ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূগোল বা ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে অন্যূন-<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>অথবা<br>(গ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ১২৪<br>৬০২ |
| ৭. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | শ্রম অধিদপ্তর | লাইব্রেরীয়ান | ৩৭০৭ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | ১৩৫ |
| | | | আর্টিস্ট | ৩৭০৮ | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | ১২২ |
| ৮. | বাণিজ্য মন্ত্রণালয় | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর | নির্বাহী কর্মকর্তা | ১৯০২ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে স্নাতক বা সমমানের ডিগ্রি | সকল বিষয় |
| ৯. | মন্ত্রিপরিষদ বিভাগ | মন্ত্রিপরিষদ বিভাগ | প্রটোকল অফিসার | ১৪০২ | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি | সকল বিষয় |

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১০. | কৃষি মন্ত্রণালয় | কৃষি বিপণন অধিদপ্তর | সহকারী কৃষি বিপণন কর্মকর্তা | ১৭০৪ | ০৬ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের কোন বিষয় বা কৃষি বিপণন বা কৃষি ব্যবসা বা অর্থনীতি বা কৃষি অর্থনীতি বা ব্যবসা প্রশাসন বা পরিসংখ্যানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। | ১০১<br>১২১<br>১০৯<br>১৩৭<br>১৩৮<br>১৩৯<br>১০৫<br>১৫৯<br>১১৮<br>২০৪<br>১১২<br>২০১<br>২০৭ |
| | | | সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা | ১৭০৫ | ০৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদের কোন বিষয় বা কৃষি বিপণন বা কৃষি ব্যবসা বা অর্থনীতি বা কৃষি অর্থনীতি বা ব্যবসা প্রশাসন বা পরিসংখ্যানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। | ১০১<br>১২১<br>১০৯<br>১৩৭<br>১৩৮<br>১৩৯<br>১০৫<br>১৫৯<br>১১৮<br>২০৪<br>১১২<br>২০১<br>২০৭ |
| | | | লাইব্রেরীয়ান | ১৭০৬ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতক (সম্মান) অথবা ২য় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি | ১৩৫ |
| | | | | **মোট=** | **৪২** | | |

**গ: ১১তম গ্রেডের শূন্য পদ:**

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর | অডিটর | ৩৩০৩ | ০৩ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে ৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি | সকল বিষয় |

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |
| ২. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | শ্রম অধিদপ্তর | জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা | ৩৭০৯ | ১০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | সকল বিষয় |
| ৩. | অর্থ মন্ত্রণালয়ের অধীন অর্থ বিভাগ | বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় | অডিটর | ২৯০৩ | ২৬৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি | সকল বিষয় |
| ৪. | মন্ত্রিপরিষদ বিভাগ | তোশাখানা জাদুঘর | সহকারী রসায়নবিদ | ১৪০৩ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নবিদ্যা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতক ডিগ্রি | ১১৩<br>১০৩ |
| | | | সহকারী কিউরেটর | ১৪০৪ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইতিহাস বা নৃবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.-তে স্নাতক ডিগ্রি | ১২৬<br>১০২ |
| | | | | **মোট=** | **২৭৮** | | |

**ঘ: ১২তম গ্রেডের শূন্য পদ:**

| ক্রমিক নম্বর | মন্ত্রণালয়/ বিভাগ | মন্ত্রণালয়/ বিভাগের অধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থা/ দপ্তরের নাম | পদের নাম | নন-ক্যাডার পদের কোড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | শিক্ষাগত যোগ্যতার বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | শ্রম অধিদপ্তর | শ্রম কর্মকর্তা | ৩৭১০ | ০৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক বা সমমানের ডিগ্রি | সকল বিষয় |
| | | | সহকারী গবেষণা কর্মকর্তা | ৩৭১১ | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, পরিসংখ্যান, সমাজ বিজ্ঞান, সমাজ কল্যাণ বা রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক বা সমমানের ডিগ্রি | ১১৮<br>১৪৮<br>১৫৬<br>১৫৭<br>১৫৯ |
| | | | | **মোট=** | **০৪** | | |

**সর্বমোট শূন্য পদের সংখ্যা (নন-ক্যাডার) = ৯ম গ্রেড+১০ম গ্রেড+১১তম গ্রেড+১২তম গ্রেড=৭১+৪২+২৭৮+৪=৩৯৫**

৩৩.০ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে সরকারের সর্বশেষ আইন, বিধি-বিধান ও নির্দেশনা অনুসরণ করা হবে।

৩৪.০ বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূণ্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধিসহ বিজ্ঞপ্তির যেকোন শর্ত পরিবর্তণের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৩৫.০ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইট (www.bpsc.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইটে (http://bpsc.teletalk.com.bd) পাওয়া যাবে।

**(পর্যাপ্ত সময় নিয়ে অতি সতর্কতার সাথে নির্ভুলভাবে নিজে আবেদনপত্র পূরণ করুন এবং নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বেই ফি জমাদানসহ আবেদন প্রক্রিয়া সম্পন্ন করুন)**

**(যথাযথ প্রস্তুতি ও নির্দেশনার আলোকে বাংলাদেশ সিভিল সার্ভিস পরীক্ষায় অংশগ্রহণ করুন এবং নির্বাচিত হয়ে দেশ সেবার পবিত্র দায়িত্ব পালনের সুযোগ লাভ করুন)**

২৬/১১/২০২৫

**মাসুমা আফরীন**
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
ফোন: ৫৫০০৬৬৮৮
ই-মেইল: e_cc@bpsc.gov.bd